তারিখ ... ১।৯।৮৩ ...
পৃষ্ঠা ...

দৈনিক বাংলা

010

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়

নং এসএনসঅ.ইআই/৭-৬৬/৮৩/১৭১৫(১৫)-এডু — তারিখ ৩০শে আগস্ট, ১৯৮৩

## বিষয়ঃ ১৯৮৪ সালের জন্য জাপানী [মনবুশো] বৃত্তি

এপ্রিল বা অক্টোবর, ১৯৮৪ থেকে বিভিন্ন জাপানী বিশ্ববিদ্যালয়ে গ্রহণযোগ্য পোস্ট-গ্রাজুয়েট গবেষণা পর্যায়ে শিক্ষালাভের জন্য জাপান সরকার কর্তৃক প্রদত্ত ৭টি (সাতটি) বৃত্তির জন্য প্রার্থী নির্বাচনের উদ্দেশ্যে প্রকৃত বাংলাদেশের নাগরিকদের কাছ থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। ঐ সব বৃত্তির স্বাভাবিক মেয়াদ দুই বছর তবে উহা আরও বর্ধিত হতে পারে। জাপানে প্রকৃত শিক্ষা কোর্স শুরু হওয়ার পূর্বে নির্বাচিত প্রার্থীদেরকে জাপানী ভাষা শিখতে হবে এবং উহাতে নিম্নতম ছয় মাস সময় লাগবে।

২। নিম্নোক্ত বিষয়ে বৃত্তি পাওয়া যাবে এবং যে সব আবেদনকারী বিষয়ের পাশে বর্ণিত নিম্নতম শিক্ষাগত যোগ্যতা পূরণ করতে সক্ষম কেবলমাত্র তাদেরই আবেদন করা উচিতঃ

| | | |
|---|---|---|
| ১। | পিওর সায়েন্স | ঃ ৩য় বিভাগ-বাদে এসএসসি এবং এইচএসসি-তে অন্ততঃপক্ষে একটি প্রথম বিভাগসহ অনার্স ও মাস্টার্স ডিগ্রী উভয় ক্ষেত্রে প্রথম বিভাগ। |
| ২। | ইঞ্জিনীয়ারিং | ঃ এসএসসি এবং এইচএসসি পরীক্ষায় ১ম বা ২য় বিভাগসহ প্রথম শ্রেণীর বিএসসি (ইঞ্জিনীয়ারিং) ডিগ্রী। |
| ৩। | ফিশারিজ | ঃ এসএসসি এবং এইচএসসি পরীক্ষায় অন্ততঃপক্ষে দ্বিতীয় বিভাগ এবং অনার্সে ১ম শ্রেণীসহ ফিশারিজে প্রথম শ্রেণীর মাস্টার্স ডিগ্রী। |
| ৪। | কমার্স | ঃ অনার্সে ১ম শ্রেণী এবং এসএসসি এবং এইচএসসি পরীক্ষায় অন্ততঃপক্ষে ২য় বিভাগসহ প্রথম শ্রেণীর মাস্টার্স ডিগ্রী। |
| ৫। | মেডিসিন | ঃ এসএসসি এবং এইচএসসি পরীক্ষায় প্রথম বিভাগসহ একটি নিয়মিত এমবিবিএস ডিগ্রী। |
| ৬। | ফাইন-আর্টস | ঃ এসএসসি এবং এইচএসসি পরীক্ষায় অন্ততঃপক্ষে দ্বিতীয় বিভাগসহ একটি ভাল ২য় শ্রেণীর বিএফএ ডিগ্রী। |

৩। ১লা এপ্রিল, ১৯৮৪ তারিখে প্রার্থীদের বয়স ৩৫ বছরের নীচে হতে হবে। বিভাগীয় প্রার্থীদেরকে অবশ্যই যথোপযুক্ত কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৪। নিম্নোক্ত বিবরণাদি প্রদানপূর্বক সাদা কাগজে দরখাস্ত নিম্নস্বাক্ষরকারীর নিকট সর্বশেষ ১০ই সেপ্টেম্বর, ১৯৮৩ তারিখের মধ্যে পৌঁছাতে হবে।

১। নাম (বড় অক্ষরে)ঃ
২। পিতার নামঃ
৩। জন্ম তারিখঃ
৪। ১-৪-১৯৮৪ তারিখে বয়সঃ
৫। ডাক ঠিকানাঃ
৬। নিজ জেলা ঃ (একজন গেজেটেড অফিসার অথবা স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক যথাযথভাবে স্বাক্ষর করা একটি সার্টিফিকেট এতদসহ দাখিল করতে হবে)।
৭। শিক্ষাগত যোগ্যতাঃ

| শিক্ষাপ্রতিষ্ঠানের | পরীক্ষা পাসের সন | প্রাপ্ত বিভাগ/পজিসন শ্রেণী | গৃহীত প্রধান বিষয় |
|---|---|---|---|
| প্রাপ্ত নম্বরের গড় শতকরা হার | | | |

৮। নিয়োগ কর্তার ঠিকানাসহ বর্তমান পেশাঃ
৯। অভিজ্ঞতাঃ

| যে পদে ছিলেন (শুরু থেকে বর্তমানটি পর্যন্ত) | চাকরির মেয়াদ থেকে পর্যন্ত | চাকরির মোট মেয়াদ |
|---|---|---|

১০। গবেষণা ও পাবলিকেশনের তালিকা, যদি কিছু থাকে।
১১। যে বিষয়ে শিক্ষার জন্য আবেদন করা হচ্ছে?
১২। অন্যান্য তথ্যঃ

আবেদনকারীর স্বাক্ষরঃ

স্বাঃ—মোঃ আবুল হোসেন খান
সেকশন অফিসার
ফোনঃ ২৩৫১১১/৩১৩৫।

ডিএফপি—১০৫৫১(১-৯)
বিজ্ঞ—২৪০৮